গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
মেহেরপুর।
www.dgfood.gov.bd
www.food.meherpur.gov.bd

## উপজেলা পর্যায়ে ওএমএস খাতে ফলিত আটার বরাদ্দ আদেশ

খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ২৫/০৮/২০২৫ খ্রিঃ তারিখের ১৩.০০.০০০০.০০০.০৪৬. ৩৩.০০০১.২৪.২৮২ নম্বর স্মারকে অনুমোদন ও সরবরাহ বণ্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকার ২৬/০৮/২০২৫ খ্রি. তারিখের ৩৮৯ নম্বর স্মারকে মেহেরপুর জেলার সেপ্টেম্বর/২০২৫ মাসের বরাদ্দ প্রদান করা হয়। সংশ্লিষ্ট উপজেলা কমিটির সিদ্ধান্ত ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-এর সুপারিশের প্রেক্ষিতে নিম্নেবর্ণিত ওএমএস ডিলারদের মাধ্যমে ওএমএস বিক্রয় কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা পর্যায়ে ওএমএস কার্যক্রমে নিয়োজিত নিম্নবর্ণিত ডিলারদের নামের পার্শ্বে বর্ণিত পরিমাণ ফলিত আটা প্রতি কেজি ২১.৫০ (একুশ দশমিক পাঁচ শূণ্য) টাকা দরে ক্রয় করে ভোক্তা পর্যায়ে ২৪/- (চব্বিশ) টাকা দরে মাথাপিছু সর্বোচ্চ ০৫(পাঁচ) কেজি হারে **(প্রতি সপ্তাহের শুক্রবার ও শনিবার এবং সরকারি ছুটির দিন ব্যতীত)** বিক্রয়ের জন্য বরাদ্দ প্রদান করা হলো।

বরাদ্দকৃত ফলিত আটা সংশ্লিষ্ট ময়দাকল মালিক মেহেরপুর জেলার সংশ্লিষ্ট উপজেলার এলএসডি/সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক নির্দেশিত নিরাপদ জায়গায় সরবরাহ করবেন। ডিলারগণ মেহেরপুর জেলার সংশ্লিষ্ট উপজেলার এলএসডি/সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক নির্দেশিত নিরাপদ জায়গা হতে বরাদ্দকৃত ফলিত আটা সংগ্রহপূর্বক নিম্নেবর্ণিত নির্দেশনা প্রতিপালনপূর্বক ওএমএস কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**বিক্রয় দিবস: ২৯/০৯/২০২৫ ও ৩০/০৯/২০২৫ (রোজ সোমবার ও মঙ্গলবার)**

| ক্রমিক | উপজেলার নাম | ওএমএস ডিলারের নাম ও মোবাইল নম্বর | দোকানের অবস্থান | আটা সরবরাহকারী মিলের নাম ও পরিমান | দৈনিক আটার বরাদ্দের পরিমাণ | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত কর্মকর্তার নাম ও পদবী |
|---|---|---|---|---|---|---|
| ০১ | গাংনী | জনাব মোঃ মনিরুল ইসলাম, মোবা: ০১৭১৬৫৫৫১৩ | পূর্বমালসাদহ (খালেদা জিয়া মোড় সংলগ্ন), ০৭ নং ওয়ার্ড। | মেসার্স সুইট ফ্লাওয়ার মিল ও এমকে এগ্রোফুড মিল, বামুন্দি,গাংনী, মেহেরপুর। **৯৬৩+৩৭=১০০০ কেজি** | ৫০০×২= ১০০০ কেজি | জনাব মোঃ মতিয়ার রহমান, উপ-সহকারি কৃষি কর্মকর্তা, গাংনী, মেহেরপুর। মোব: ০১৭১৮-৬৫৪৮৬২ |
| ০২ | | জনাব মোঃ সুলেরী আলভী, মেহেরপুর। ০১৭১৬-৮৮৬২০২ | শিশিরপাড়ার মোড় (গাংনী সরকারি খাদ্য গুদাম সংলগ্ন), ০২ নং ওয়ার্ড। | মেসার্স সমতা এগ্রোফুড মিল ও এমকে এগ্রোফুড মিল, বামুন্দি,গাংনী, মেহেরপুর। **২৬৫+২৩৫= ৫০০ কেজি** | ৫০০×১= ৫০০ কেজি | জনাব মোঃ উবাইদুল্লাহ, সহকারি উপজেলা শিক্ষা অফিসার, গাংনী, মেহেরপুর। ০১৯১৭-০৯৫৫১৬ |
| ০৩ | | জনাব মোঃ আব্দুল গণি. মোবা: ০১৯৬৬-৭৭১৫৪৯ | বাঁশবাড়িয়া বাজার ০১ নং ওয়ার্ড। | মেসার্স এমকে এগ্রোফুড মিল, বামুন্দি,গাংনী, মেহেরপুর। | ৫০০×১= ৫০০ কেজি | জনাব মোঃ মতিয়ার রহমান, উপ-সহকারি কৃষি কর্মকর্তা, গাংনী, মেহেরপুর। মোবা: ০১৭১৮-৬৫৪৮৬২ |
| ০৫ | মুজিবনগর | ২. মোঃ আশরাফুল আলম সাবু যতারপুর, মুজিবনগর। মোবাঃ ০১৭১৬৩৪৬৪৯১ | কোমরপুর বাজার | মেসার্স এমকে এগ্রোফুড মিল, বামুন্দি,গাংনী, মেহেরপুর। | ৫০০×২= ১০০০ কেজি | মো: আব্দুস সালাম উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মুজিবনগর, মেহেরপুর মোবা: ০১৭১৮২১৩৯১৩ |
| ০৫ | | মোঃ সাব্বির শাহরিয়ার দারিয়াপুর, মুজিবনগর। মোবাঃ ০১৯৫২৫৫২০১৫ | দারিয়াপুর বাজার ও শিবপুর গলাকাটা মোড় | মেসার্স এমকে এগ্রোফুড মিল, বামুন্দি,গাংনী, মেহেরপুর। | ৫০০×২= ১০০০ কেজি | মো: মাহবুবুল হক উপজেলা সমবায় কর্মকর্তা মুজিবনগর, মেহেরপুর মোবা: ০১৭১৫৫৬৬৩২৩ |
| | | | | **সর্বমোট =** | **৪.০০০ মে.টন** | |

**আটা উত্তোলন ও বিক্রয়ের শর্তাবলীঃ**

১। ডিলারকে কমপক্ষে ২ (দুই) দিনের আটা একত্রে উত্তোলন করতে হবে দৈনিক উত্তোলন ও বিক্রয়ের হিসাব যথাযথভাবে রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। বিক্রয় শেষে মাস্টাররোল ও চাহিদাপত্রে তদারকি কর্মকর্তার স্বাক্ষর করে যথাযথ কর্তপক্ষের মাধ্যমে অত্র দপ্তরে দাখিল করতে হবে।
২। ওএমএস বিক্রয় কেন্দ্র সহজে চিহ্নিতকরণের জন্য দোকানের দর্শনীয় স্থানে প্যানাফ্লেক্স (লাল রং) ব্যানার (৬ ফুট×৩ ফুট) ঝুলাতে হবে এবং প্যানাফ্লেক্স (লাল রং) ব্যানারে ‘‘খাদ্য অধিদপ্তর পরিচালিত ওএমএস দোকান। চাল প্রতি কেজি ৩০.০০ (ত্রিশ) টাকা, মাথাপিছু সর্বোচ্চ ০৫ (পাঁচ) কেজি’’ ও আটা প্রতি কেজি ২৪.০০ টাকা কথা সংবলিত লেখা থাকতে হবে।
৩। ডিলার আটা বিক্রি শেষে চাহিদাপত্র দাখিল করবেন। চাহিদাপত্র দেয়ার আগে দিনের বিক্রির অবশিষ্ট আটা (যদি থাকে) সমন্বয় করে পরবর্তী দিনের চাহিদাপত্র জমা দিতে হবে।

৪। সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ডিলার ভিত্তিক নিয়মিত উত্তোলন ও বিক্রয়ের হিসাব সংরক্ষণ করবেন এবং মাস শেষে হিসাব অত্র দপ্তরে প্রেরণ করবেন।

৫। প্রতিটি ওএমএস কেন্দ্রে নিয়োজিত খাদ্য বিভাগীয় তদারকি কর্মকর্তাগণ সুষ্ঠু বিলি নিশ্চিত করে মাষ্টারোলে স্বাক্ষর করবেন এবং হিসাব পরীক্ষা করবেন।

৬। সংশ্লিষ্ট এলএসডি/নির্দেশিত স্থান হতে আটা সরবরাহকালে ২টি প্রতিনিধিত্বমূলক নমুনা গ্রহণ করতে হবে। গুদাম কর্মকর্তা ও ডিলারের যৌথ স্বাক্ষরে সিলগালা করে একটি গুদামে ও আরেকটি ডিলারের নিকট সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।

৭। আটা উত্তোলন যে পরিমাণই হোক না কেন, কোন ক্রমেই নির্ধারিত বিক্রির দিন বরাদ্দ পরিমাণের উর্ধ্বে আটা বিক্রি করা যাবে না। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৮। যে কোন সময় ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে মালামাল পরিদর্শনের জন্য মালামালের বস্তা যাচাই ও হিসাবাদি পরীক্ষার জন্য সহযোগিতা করতে হবে।

৯। সকাল ৯.০০ টায় তদারকি কর্মকর্তাগণ ডিলারের দোকানে উপস্থিত হয়ে বিকেল ৫.০০ টা অথবা আটা বিক্রয় শেষ না হওয়া পর্যন্ত অবস্থান করতে হবে। ওএমএস ডিলারগণকে সকাল ৯.০০ টা হতে বিকেল ৫.০০ টা পর্যন্ত দোকান খোলা রাখতে হবে।

১০। খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ০৮/১০/২০২৪ খ্রিঃ তারিখের ২০২ নং স্মারকে জারীকৃত খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এবং খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ০৯/১০/২০২৪ খ্রিঃ তারিখের ২০৫ (একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত) নং স্মারকের নির্দেশনাসহ সকল নির্দেশাবলি/নিয়মাবলি, নিয়োগ আদেশ, অঙ্গীকারনামা ও অন্যান্য প্রচলিত বিধি-বিধান যথাযথভাবে মেনে চলতে হবে। সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে এ বরাদ্দ পরিবর্তন যোগ্য।

<u>বি: দ্র:</u> এক বা একাধিক শর্তভঙ্গের কারণে বরাদ্দ বাতিলসহ ওএমএস নীতিমালা/২০২৪ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

স্বাক্ষিরিত:/
(আসমা উল হোসনা)
পরিচিতি নং-০৪০৩০
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
মেহেরপুর।

স্মারক নং-১৩.০৫.৫৭০০.০০৬.৫৭.০০৪.২২.১৪৫৮(১৫) তারিখ: ২৮/০৯/২০২৫ খ্রিঃ।

**অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্য্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।**

১। পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। জেলা প্রশাসক, মেহেরপুর।
৩। পুলিশ সুপার, মেহেরপুর।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী/মুজিবনগর, মেহেরপুর।
৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাংনী/মুজিবনগর, মেহেরপুর। সার্বিক তদারকির জন্য বলা হলো।
৭। অফিসার ইন-চার্জ, গাংনী/মুজিবনগর থানা, মেহেরপুর। নির্ধারিত বিক্রয়ের দিনে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গাংনী/মুজিবনগর, মেহেরপুর।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মেহেরপুর সদর/আমঝুপি/গাংনী এলএসডি, মেহেরপুর।
১০। মেসার্স সমতা এগ্রো ফুড মিল, বামুন্দি বাজার (নিশিপুর), গাংনী, মেহেরপুর। ডিলারদের নামের পার্শ্বেবর্ণিত পরিমাণ বরাদ্দকৃত আটা প্রতি বিক্রির নির্ধারিত তারিখের পূর্বের দিন মেহেরপুরে ডিলারের নিকট পৌছিয়ে দেওয়ার জন্য তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।
১১। মেসার্স সুইট ফ্লাওয়ার মিল, বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর। ডিলারদের নামের পার্শ্বেবর্ণিত পরিমাণ বরাদ্দকৃত আটা প্রতি বিক্রির নির্ধারিত তারিখের পূর্বের দিন মেহেরপুরে ডিলারের নিকট পৌছিয়ে দেয়ার জন্য তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।
১২। মেসার্স এম, কে এগ্রো ফুড মিল, বামন্দী বাজার, গাংনী, মেহেরপুর । ডিলারদের নামের পার্শ্বেবর্ণিত পরিমাণ বরাদ্দকৃত আটা প্রতি বিক্রির নির্ধারিত তারিখের পূর্বের দিন মেহেরপুরে ডিলারের নিকট পৌছিয়ে দেয়ার জন্য তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।
১৩। সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তা।
১৪। সংশ্লিষ্ট ওএমএস ডিলার, গাংনী/মুজিবনগর, মেহেরপুর।
১৫। অফিস কপি।

২৮.০৯.২০২৫
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
মেহেরপুর।